

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল- ৪ ও ৫)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
ফ্যাক্স : ০২-৫৮৩১৫৮০৪, ওয়েবসাইট : www.ntrca.gov.bd

স্মারক নম্বর : বেশনিক/প্রশাঃ/দৈঃহাঃভিঃশঃ/৬২৯/২০১৭/ ৮৬৫

তারিখ : ১৯ সেপ্টেম্বর ২০১৭

পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষের (এনটিআরসিএ) কার্যালয়ের জন্য দৈনিক হাজিরা ভিত্তিক (কাজ নাই মজুরি নাই) গাড়িচালক পদে নিম্নবর্ণিত শর্তে প্রকৃত বাংলাদেশের নাগরিকদের নিকট হতে দরখাস্ত আবেদন করা যাচ্ছে। পদের পার্শ্বে প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা, বয়সসীমা এবং দৈনিক হাজিরার হার উল্লেখ করা হলোঃ

ক্রমিক নং	পদের নাম ও বেতন স্কেল	বয়সসীমা	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	গাড়ি চালক (দৈনিক হাজিরা ভিত্তিক ৫০০/- হার)	১৮-৩০ বছর (মুক্তিযোদ্ধা সন্তানদের জন্য ৩২ বছর)	১	ক) অষ্টম শ্রেণী উত্তীর্ণ; খ) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমান পরীক্ষায় উত্তীর্ণদের অগ্রাধিকার প্রদান করা হবে; এবং গ) হালকা ও ভারি যানবাহন চালানোর বৈধ লাইসেন্সসহ ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।

শর্তাবলি :

- স্বহস্তে লিখিত আবেদনপত্র সর্বশেষ ২৫ সেপ্টেম্বর ২০১৭ খ্রিঃ তারিখ অথবা তৎপূর্বে অফিস চলাকালীন সময়ের মধ্যে “সচিব, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA), রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল- ৪ ও ৫) ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০ ঠিকানায় ডাকযোগে পৌঁছাতে হবে। তবে সরাসরি বা হাতে হাতে ও আবেদনপত্র গ্রহণ করা হবে।
- আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র/ডকুমেন্ট অবশ্যই সংযুক্ত থাকতে হবে। অন্যথায় আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে :
 - আবেদনপত্রে নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, নিজ জেলা, জন্মতারিখ, ধর্ম, জাতীয়তা, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ইত্যাদি উল্লেখ করতে হবে।
 - প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি রঙিন ছবি।
 - জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি।
 - সকল শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতার মূল/সাময়িক সনদের সত্যায়িত কপি।
 - ড্রাইভিং লাইসেন্স এর সত্যায়িত কপি। মেয়াদ উত্তীর্ণ ড্রাইভিং লাইসেন্স গ্রহণযোগ্য নয়।
 - ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সংশ্লিষ্ট ওয়ার্ড কমিশনার প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি।
 - মুক্তিযোদ্ধা সন্তান/শহীদ মুক্তিযোদ্ধা সন্তান, উপজাতি, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের যথাযথ প্রত্যয়নসহ আবেদন করতে হবে;
- অস্পষ্ট / অসম্পূর্ণ / বিলম্বে পৌঁছানো/ কাটাছেঁড়া / একই খামের মধ্যে একাধিক আবেদনপত্র অথবা আবেদনপত্রের গায়ে কোন প্রকার সুপারিশ থাকলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের সময় সকল সনদের মূলকপি অবশ্যই প্রদর্শন করতে হবে।
- লিখিত / মৌখিক / ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- পূর্বের আবেদনকারী গণকে পুনরায় আবেদন করতে হবে না।
- কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন আবেদনপত্র বাতিলের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- নিয়োগের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

স্বাঃ/-
উপপরিচালক
(প্রশাসন ও অর্থ)
এনটিআরসিএ, ঢাকা।